

শাটডাউন শিথিল, সারা দেশের পলিটেকনিক খুলছে আজ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১২:০৬, ৮ মে ২০২৫



শিক্ষকদের অনুরোধে চলমান শাটডাউন কর্মসূচি কিছুটা শিথিল করেছেন আন্দোলনরত পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। তারা ইনস্টিটিউটে লাগানো তালা খুলে দিয়ে ক্লাসে ফেরার ঘোষণা দিয়েছেন।

বৃহস্পতিবার (৮ মে) বেলা ১১টায় দেশের সব পলিটেকনিক ইনস্টিটিউট খুলে দেওয়া হবে। তবে দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা বর্জন করার ঘোষণা দিয়েছেন।

এর আগে বুধবার (৭ মে) আইডিইবির উদ্যোগে ঢাকার পলিটেকনিক ইনস্টিটিউটে একটি যৌথ বৈঠক অনুষ্ঠিত হয়। এতে শিক্ষক ও আইডিইবির প্রতিনিধিদলের সদস্যরা

শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে ফেরার আহ্বান জানান। শিক্ষকদের আহ্বান ও শিক্ষার স্বার্থে কারিগরি ছাত্র আন্দোলন শাটডাউন কর্মসূচি সাময়িকভাবে শিথিল করার ঘোষণা দেওয়া হয়।

আন্দোলনকারীদের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, ‘কারিগরি শিক্ষা সপ্তাহে’ শিক্ষকসমাজের আন্তরিকতা ও সম্মানের প্রতি শ্রদ্ধা জানিয়ে শাটডাউন কর্মসূচি শিথিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৮ মে থেকে পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত পলিটেকনিক ইনস্টিটিউটের ক্লাস কার্যক্রম চালু থাকবে।